

<http://cooperative.pabna.gov.bd/>

স্মারক নম্বর: ৪৭.৬১.৭৬০০.০০০.৪২.০০৩.২০.১২৮৬


তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮

১০ অক্টোবর ২০২১

বিষয়: ডেমরা প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লি., এর নিবন্ধন সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৫৩ (ঙ) (চ) ধারায় বাতিলের নিমিত্তে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দানের লক্ষে শুনানি গ্রহণ।

সূত্র: অত্র কার্যালয়ের স্মারক নম্বর- ১০৭৩, তারিখ- ০৬/০৯/২০২১ খ্রিষ্টাব্দ এবং সমিতির ২৭/০৯/২০২১ খ্রিষ্টাব্দ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ডেমরা প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লি., সমবায় সমিতি লি., নিবন্ধন নম্বর- ০১৮, তারিখ- ১৪/১৪/১৯৯৩ খ্রিষ্টাব্দ এর নিবন্ধন বাতিলের নিমিত্তে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৫৩ (ঙ) (চ) ধারার আওতায় অত্র কার্যালয়ের স্মারক নম্বর- ১০৭৩, তারিখ- ০৬/০৯/২০২১ খ্রিষ্টাব্দ আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয় এবং জবাব দাখিল করতে বলা হয়। সমিতি কর্তৃপক্ষ ২৭/০৯/২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জবাব দাখিল করেছে। উক্ত জবাবের উপর আগামী ১২/১০/২০২১ খ্রিষ্টাব্দ তারিখে সকাল ১০:০০ ঘটিকায় জেলা সমবায় কার্যালয়, পাবনায় শুনানি গ্রহণ করা হবে। উক্ত শুনানিতে ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যসহ এবং সমিতির যাবতীয় রেকর্ড পত্রাদি (সভ্য বহি, ক্যাশবহি, শেয়ার খতিয়ান, সঞ্চয় খতিয়ান, ঋণ খতিয়ান, ঋণ রেজিস্টার, ব্যবস্থাপনা কমিটির রেজুলেশন বহি, সাধারণ সভার রেজুলেশন বহি, রশিদ বহি, দৈনিক আদায় রশিদ) ও সমস্ত তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য বলা হলো। উপস্থিত না থাকলে বা উপযুক্ত রেকর্ড পত্রাদি উপস্থাপনে ব্যর্থ হলে জবাব সন্তোষজনক নয় বিবেচনায় আইনের ৫৩ শর্তাংশের আওতায় নিবন্ধন বাতিল করা হবে।



১০-১০-২০২১

সোলাইমান বেগ

জেলা সমবায় কর্মকর্তা

ফোন: ০২-৫৮৮৮৪৬১৮২

ইমেইল: dco_pabna@yahoo.com

জনাব মোঃ আব্দুর রহমান, সভাপতি, ডেমরা প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লি., নিবন্ধন নম্বর- ০১৮, তারিখ- ১৪/১০/১৯৯৩, গ্রাম- ডেমরা, উপজেলা- ফরিদপুর, জেলা- পাবনা।

স্মারক নম্বর: ৪৭.৬১.৭৬০০.০০০.৪২.০০৩.২০.১২৮৬/১(২)


তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮

১০ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপজেলা সমবায় অফিসার (বুটিন দায়িত্ব), উপজেলা সমবায় অফিস, ফরিদপুর, পাবনা। (তাঁকে উক্ত তারিখে শুনানিতে সমিতির উপস্থিতি নিশ্চিত করতে বলা হলো)।

২) অফিস নথি।



১০-১০-২০২১

মোঃ আব্দুল মোত্তালেব

উপ-সহকারী নিবন্ধক